

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৪৪৩

১/ বিবিধ

আরবী

ألا إنه لم يبق من الدنيا إلا مثل الذباب تمور في جوها، فالله الله في إخوانكم من أهل القبور، فإن أعمالكم تعرض عليهم ضعيف

أخرجه الحاكم (4 / 307) من طريق أبي إسماعيل السكوني، قال: سمعت مالك بن أدى يقول: سمعت النعمان بن بشير يقول مرفوعا، وقال صحيح الإسناد

ورده الذهبي بقوله

قلت: فيه مجهولان

قلت: وهما السكوني وابن أدى كما صرح في "الميزان" "أنهما مجهولان تبعا لأصله" الجرح والتعديل " (4 / 1 / 303 و 4 / 2 / 336) ولكنه قال: وثق يشير بذلك إلى عدم الاعتداد بتوثيق ابن حبان إياهما (5 / 388 و 7 / 656) لما عرف من تساهله في توثيق المجهولين

বাংলা

৪৪৩। সাবধান! মাছির সাদৃশ ছাড়া দুনিয়ার কোন কিছুই অবশিষ্ট থাকবে না যা দুনিয়ার ফাঁকা স্থানে ধূলোবালুর ন্যায় উড়তে থাকবে। আল্লাহ! আল্লাহ! তোমাদের ভাই কবরবাসীদের মধ্য হতে। কারণ তোমাদের কর্মগুলো পেশ করা হবে তাদের উপর।

হাদীসটি দুর্বল।

এটি হাকিম (৪/৩০৭) আবু ইসমাইল সাকুনী সূত্রে মালেক ইবনু আদা হতে বর্ণনা করেছেন ...। অতঃপর বলেছেনঃ সনদটি সহীহ। যাহাবী তার প্রতিবাদ করে বলেছেনঃ সনদটিতে দু'জন মাজহুল বর্ণনাকারী রয়েছেন।

আমি (আলবানী) বলছিঃ তারা দু'জন হচ্ছেন সাকুনী এবং ইবনু আদা যেরূপভাবে তিনি “আল-মীযান” গ্রন্থে স্পষ্ট করেই বলেছেন। কিন্তু বলেছেনঃ নির্ভরযোগ্য বলা হয়েছে। তিনি এর দ্বারা ইঙ্গিত করেছেন যে, ইবনু হিব্বান কর্তৃক তারা দু'জনকে নির্ভরযোগ্য বলাকে (৫/৩৮৮, ৭/৬৫৬) গ্রহণ করা যায় না। কারণ তিনি মাজহুল বর্ণনাকারীদেরকে নির্ভরযোগ্য বলার ক্ষেত্রে শিথিলতা প্রদর্শনকারী হিসাবে প্রসিদ্ধ।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=68028>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন